যুগান্তর

তারিখ 04 DEC 2016
পৃষ্ঠা ৮ কলাম ৫

# অমর একুশে গ্রন্থমেলা নিয়ে লেখক ঐক্যের দশ দফা

সাংস্কৃতিক রিপোর্টার

অমর একুশে গ্রন্থমেলা-২০১৭ নিয়ে এবার দশ দফা প্রস্তাব দিল বাংলাদেশ লেখক ঐক্য। শনিবার জাতীয় প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে সংগঠনটির নেতারা এসব প্রস্তাব রাখেন। সে সঙ্গে এ প্রস্তাবগুলো সংস্কৃতিবিষয়ক মন্ত্রী আসাদুজ্জামান নূর, বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক শামসুজ্জামান খান এবং বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির কাছে পাঠানো হবে বলে জানিয়েছেন সংগঠনের সভাপতি রাখাল সাহা।

লিখিত বক্তব্যে রাখাল সাহা দশ দফা প্রস্তাব তুলে ধরেন। যার মধ্যে রয়েছে— লেখক ও প্রকাশকের নিরাপত্তা জোরদার করতে হবে, লেখকের পাওনা সম্মানী মেলা চলাকালীন বিশেষ সমঝোতা-প্রক্রিয়া প্রবর্তন করা, বই বাজেয়াপ্ত কিংবা স্টল বন্ধ করার ব্যাপারে মেলা কর্তৃপক্ষের অবিবেচনাপ্রসূত সিদ্ধান্ত গ্রহণ না করা, বইমেলাকে আন্তর্জাতিক চরিত্রদান করা, মেলা প্রাঙ্গণের মূল নকশা ও স্টল বিন্যাস সহজীকরণ করা, বইমেলা বন্ধের সময় রাত ৮টার পরিবর্তে রাত ৯টা করা, মূল মেলা প্রাঙ্গণে ছোট কাগজের স্টলগুলো অন্তর্ভুক্ত করা, বই বিক্রিতে ছাড়ের হার বৃদ্ধি, ছোটদের কর্নার স্টল আরও আকর্ষণীয় করা এবং মূল মেলা প্রাঙ্গণে বিনামূল্যে বিশুদ্ধ পানি ও স্বল্পমূল্যের চা-কফি ও হালকা খাবারের দোকান রাখা।

কথাসাহিত্যিক ইমতিয়ার শামীম বলেন, 'মেলার সময় কমিয়ে এনে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা কোনো নিরাপত্তা ব্যবস্থা হতে পারে না। বইয়ের মূল ক্রেতারা সন্ধ্যা ৬টার পরে মেলায় আসেন, সেখানে রাত ৮টার মধ্যে মেলা বন্ধ করে দেয়া কোনো বিবেচক সিদ্ধান্ত হবে না।'

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক কবি শওকত হোসেন, কথাসাহিত্যিক আহমাদ মোস্তফা কামাল, কবি চঞ্চল আশরাফ, প্রাবন্ধিক আরশাদ সিদ্দিকী, প্রাবন্ধিক ফাহমিদুল হক প্রমুখ।